
# আপনার শিশু কি আপনার কথা শুনতে পায়?



## বাবা-মায়ের জন্য তথ্য

New York State Department of Health

# আপনার শিশু কি আপনার কথা শুনতে পায়?

**New York State-এর হাসপাতালে জন্মানো সমস্ত শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা হবে।**

শ্রবণশক্তি খুবই গুরুত্বপূর্ণ। কীভাবে কথা বলতে হয় তা শিখতে এবং বিশ্ব সম্পর্কে শিখতে আপনার শিশুর শব্দ শুনতে পাওয়া দরকার। পরবর্তী সময়ে ভাষা বা স্কুলের কাজে সম্ভাব্য সমস্যা প্রতিরোধ করার জন্য শুরুর মাসগুলিতে শ্রবণশক্তি থাকা খুবই গুরুত্বপূর্ণ।

স্ক্রিনিং-এর মানে হল আপনার শিশু শুনতে পায় কিনা তা তাড়াতাড়ি পরীক্ষা করা। হয়:

- আপনি হাসপাতাল ছাড়ার আগে আপনার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা হতে পারে, অথবা,
- আপনার বাড়ির কাছে আপনার শিশুর শ্রবণশক্তির স্ক্রিনিং কীভাবে করতে হবে তা আপনাকে বলা হবে।

আপনার শিশুর জন্ম কোন হাসপাতালে না হয়ে থাকলে, কীভাবে আপনার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা যায় তা আপনার ডাক্তার বা ক্লিনিককে জিজ্ঞাসা করা উচিত।

জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব প্রতিটি শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা উচিত। যদি আপনার শিশুর কম শ্রবণশক্তি থাকে, তবে আপনি তা যত তাড়াতাড়ি জানবেন ততই ভালো। 1,000 শিশুর মধ্যে, প্রায় দুই থেকে চারটি শিশুর শ্রবণশক্তি গুরুতরভাবে কম থাকবে।



# কী কারণে শ্রবণশক্তি হ্রাস পায়?

কখনও কখনও আমরা শ্রবণশক্তি হারানোর কারণ জানতে পারি না। এবং কখনও কখনও এটি নিম্নলিখিত কারণে হয়:

- বধিরতা যা পরিবারে পরপর প্রজন্ম ধরে চলে আসছে
- কানের সংক্রমণ
- মেনিনজাইটিস
- অন্যান্য গুরুতর সংক্রমণ

আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিকের সাথে কথা বলুন।

# আপনার শিশুর শ্রবণশক্তি কীভাবে পরীক্ষা করা হবে

একজন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি আপনার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করবেন। স্ক্রিনিং-এর জন্য খুব কম সময় লাগে। এটি করার সময়ে আপনার শিশু ঘুমোলে অসুবিধা নেই। আপনার শিশুকে স্ক্রিন করার সময়ে, হয়:

- আপনার শিশুর কানে একটি ছোট মাইক্রোফোন রাখা হতে পারে, বা,
- আপনার শিশুকে বিশেষ ইয়ারফোন পরানো হতে পারে এবং তার মাথায় ছোট প্যাড রাখা হতে পারে।

তারপরে, মৃদু শব্দ বাজানো হবে এবং আপনার শিশুর শ্রবণশক্তি পরিমাপ করা হবে।

আপনাকে একটি ব্রোশিওর দেওয়া হবে যাতে আপনার শিশুর স্ক্রিনিং-এর ফলাফলের অর্থ কী তা আপনাকে জানানো হবে। আপনার শিশু কথা শুনতে পায় তা নিশ্চিত করার জন্য দ্বিতীয়বার স্ক্রিনিং-এর প্রয়োজন হতে পারে। আপনার শিশুর নড়াচড়া, ঘরে আওয়াজ বা জন্মের পর কানে উপস্থিত তরল পদার্থের কারণে ভুল ফলাফল দিতে পারে। যদি আপনার শিশুর আবার পরীক্ষা করার প্রয়োজন হয়, তাহলে কীভাবে এটি করাতে হবে তা আপনাকে বলা হবে।





# আপনার শিশুর শ্রবণশক্তি এবং বাক্‌শক্তি পরীক্ষা করুন


বেশিরভাগ শিশুই শ্রবণশক্তির স্ক্রিনিং-এ উত্তীর্ণ হবে। এর অর্থ হল যে আপনার শিশু **এখন** শুনতে পাচ্ছে। এমনকি আপনার শিশু স্ক্রিনিং-এ "উত্তীর্ণ" হলেও, আপনার শিশুর শ্রবণশক্তি মাঝে মাঝে পরীক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। নীচের তালিকা আপনার শিশুর বড় হওয়ার সাথে সাথে তার শ্রবণশক্তির উপর নজর রাখতে সাহায্য করবে। ভালো শ্রবণশক্তি শিশুদের এই চেকলিস্টের কাজগুলো করতে সাহায্য করে। যে কোনো বয়সে আপনার সন্তানের শ্রবণশক্তি নিয়ে আপনার কোনোরকম উদ্বেগ থাকলে, আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিকে ফোন করুন।

## ভাল শ্রবণশক্তির চেকলিস্ট*

| | |
|---|---|
| **জন্ম থেকে 3 মাস পর্যন্ত** | • রোজকার কন্ঠস্বর বা শব্দের কাছাকাছি থাকলে শান্ত হয়ে যায়<br>• বিকট শব্দ শুনে প্রতিক্রিয়া দেখায়: শিশু চমকে ওঠে, চোখ পিটপিট করে, চোষা বন্ধ করে, কাঁদে বা জেগে ওঠে<br>• জেগে থাকার সময় মৃদু শব্দ করে: শিশু কুলকুচি করে |
| **3 থেকে 6 মাস** | • আওয়াজের দিকে চোখ বা মাথা ঘোরায়: কন্ঠস্বর, শব্দ করা খেলনা, কুকুরের ঘেউ ঘেউ করা<br>• কথা বলার মত শব্দ করা শুরু করে: "গা," "ওহ," "বা" এবং p, b, m ধ্বনি<br>• আপনার কন্ঠস্বরের পরিবর্তনে প্রতিক্রিয়া জানায় |
| **6 থেকে 9 মাস** | • মৃদু শব্দে সাড়া দেয়, বিশেষ করে কথা বলা<br>• নিজের নাম ডাকা হলে সাড়া দেয় এবং তাকিয়ে দেখে<br>• সহজ শব্দ বোঝে: "না," "বাই-বাই," "রস"<br>• বকবক করা: "দা দা দা," "মা মা মা," "বা বা বা" |
| **9 থেকে 12 মাস** | • ধারাবাহিকভাবে মৃদু এবং উচ্চ শব্দ উভয়েরই সাড়া দেয়<br>• একক শব্দের পুনরাবৃত্তি করে এবং পশুর শব্দ নকল করে<br>• জিজ্ঞেস করা হলে প্রিয় খেলনা বা খাবারের দিকে নির্দেশ করে |
| **12 থেকে 18 মাস** | • 10 বা তার বেশি শব্দ ব্যবহার করে<br>• সাধারণ কথ্য নির্দেশাবলী অনুসরণ করে: "বলটা ধর"<br>• জিজ্ঞাসা করা হলে মানুষ, শরীরের অঙ্গ বা খেলনাকে নির্দেশ করে<br>• গান শুনে "লাফালাফি করে" |
| **18 থেকে 24 মাস** | • 20 বা তার বেশি শব্দ ব্যবহার করে<br>• দুটি বা তার বেশি শব্দ একত্রিত করে: "আরও রস," "এটা কী?"<br>• শব্দের শুরুতে বিভিন্ন ব্যঞ্জনধ্বনি ব্যবহার করে: b, g, m<br>• সাধারণ গল্প এবং গান শোনে |
| **2 থেকে 3 বছর** | • দুই বা তিনটি শব্দের বাক্য ব্যবহার করে<br>• 2 বছর বয়সে, শিশুর কথা কিছু কিছু সময় বোঝা যায় (25%-50%)<br>• 3 বছর বয়সে, শিশুর কথা বেশিরভাগ সময় বোঝা যায় (50%-75%)<br>• দুটি ধাপের নির্দেশ অনুসরণ করে: "বলটা নাও আর বাক্সটাতে রাখো" |

**California Department of Health Services (ক্যালিফোর্নিয়া স্বাস্থ্য পরিষেবা বিভাগ)-এর চেকলিস্ট থেকে সংগৃহীত।*

**আপনার সন্তানের শ্রবণশক্তি যে কোনো বয়সে পরীক্ষা করা যেতে পারে এবং করা উচিত।**



# আপনার শিশুর জন্য আরও সাহায্য

যদি আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাস পায় বা তার সম্ভাবনা থাকে, তাহলে আপনার আরও সাহায্যের প্রয়োজন হতে পারে। শিশু, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা এবং তাদের পরিবার New York State Department of Health-এর প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি (Early Intervention Program, EIP) থেকে সাহায্য পেতে পারে। EIP আপনাকে, আপনার শিশু এবং আপনার পরিবারের জন্য শ্রবণশক্তি স্ক্রিনিং ও পরীক্ষা, এবং সহায়তা প্রদান করে। আরও জানতে, আপনার কাউন্টি বা বরোতে আপনার ডাক্তার, ক্লিনিক, বা EIP-কে ফোন করুন।

সদ্যজাতের শ্রবণশক্তি স্ক্রিনিং বা EIP সম্পর্কে আরও জানতে ফোন করুন:

**(518) 473-7016**

অথবা, এখানে Early Intervention Program ওয়েব পেজটি দেখুন:

**www.health.ny.gov/community/infants_children/early_intervention/**

আপনার স্থানীয় EIP-তে পৌঁছতে, ফোন করুন:

**Growing Up Healthy 24-Hour Hotline (সুস্থভাবে বেড়ে ওঠা 24-ঘন্টা হটলাইন)**

**1-800-522-5006**

TTY: **1-800-655-1789**

New York City-তে: **311**

# আপনার শিশু কি আপনার **কথা শুনতে** পায়?

আপনার শিশুর জন্ম যদি New York State-এর একটি হাসপাতালে হয়, তাহলে আপনার চিন্তা করার কিছু নেই। New York-এর সমস্ত শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা হয়।

আমাদের অনুসরণ করুন:
health.ny.gov
facebook.com/NYSDOH
twitter.com/HealthNYGov
youtube.com/NYSDOH

NEW YORK STATE | Department of Health